

(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত)

জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

সরকারি বিশ্ববিদ্যালয় (শাখা-১)

শিক্ষা মন্ত্রণালয়

Web site: www.moedu.gov.bd


নং-৩৭.০০.০০০০.০৭৯.৩১.০০১.১৪-৩৪

তারিখঃ ১৩ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : ঢাকা মহানগর এলাকায় অবস্থিত সরকারি কলেজগুলোকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্তিকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ৩১/৮/২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শিক্ষা মন্ত্রণালয় পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি উচ্চ শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে “জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাধীন সরকারি কলেজগুলোকে সংশ্লিষ্ট এলাকার পাবলিক বিশ্ববিদ্যালয়ের সাথে অধিভুক্ত করা” সংক্রান্ত দিক নির্দেশনা প্রদান করেন।

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন করার জন্য ঢাকা মহানগর এলাকায় অবস্থিত ঢাকা কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, সরকারি তিতুমীর কলেজ, সরকারি বাঙলা কলেজ, ইডেন মহিলা কলেজ, কবি নজরুল সরকারি কলেজ ও সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত করার জন্য নীতিগত সিদ্ধান্ত প্রদান করা হয়েছে। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণ পূর্বক এ বিষয়ক কোন বিধি-বিধান সংশোধন করার প্রয়োজন হলে মন্ত্রণালয়কে জরুরিভিত্তিকে জানানোর জন্য অনুরোধ করা যাচ্ছে।



(আবদুস সাত্তার মিয়া)

সহকারী সচিব (স.বি.-১)

ফোন-৯৫৭২১৮৫ (অনুরোধে)

বিতরণ:

১। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।

২। উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৩। উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। জনাব মোঃ সারওয়ার হোসেন, সিনিয়র সহকারী সচিব, শাখা-৪ (সমন্বয়), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(আদেশটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)